মেহেরপুরে ৩৩ হাজার শলাকা বিড়ি-সিগারেট জব্দ

মেহেরপুরে আবুল খায়ের টোব্যাকোর প্রতিনিধিকে জরিমানা ও ২৮ হাজার শলাকা সিগারেট ও ৫ হাজার বিড়ি জব্দ করেছে ভ্রাম্যমান আদালত।

গতকাল মঙ্গলবার সকাল দশটার সময় সদর উপজেলার আলমপুর বাজারে এ ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট রকিবুল ইসলাম।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট রকিবুল ইসলাম জানান, সচিত্র স্বাস্থ্য শতর্কবানী পুরাতন থাকায় তামাক নিয়ন্ত্রণ আইনে আবুল খায়ের টোব্যাকো কোম্পানীর মেহেরপুর ডিপোর প্রতিনিধি ইসরাইল হোসেনকে ১০ হাজার টাকা জরিমানা ও ২৮ হাজার সিগারেট ও ৫ হাজার শলাকা বিড়ি জব্দ করা হয়েছে।

এসময় সিভিল সার্জন অফিসের জেলা সেনেটারী ইন্সপেক্টর তাজিবুল হক, সেনেটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম ও মেহেরপুর ফায়ার সার্ভিস স্টেশনের একটি দল উপস্থিত ছিলেন।

মেহেরপুর অফিস

বাঁশবাড়ীয়া বাজার কমিটির নির্বাচনের বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ

মেহেরপুরের গাংনী পৌর এলাকার বাঁশবাড়ীয়া বাজার কমিটির নির্বাচন উনষ্ঠিত হবে আগামি ২৩ নভেম্বর। এ উপলক্ষে প্রার্থীদের বৈধ মনোনয়ন পত্রের তালিকা প্রকাশ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি মো: রিয়াজুল করিম এই তালিকা প্রকাশ করেন। এ সময় উপস্থিত ছিলেন নির্বাচন পরিচালনা কমিটির সদস্য আল-আমিন, আবুল কালাম আজাদ।

বৈধ মনোনয়ন পত্রের তালিকায় সভাপতি পদে সামসুজ্জামান ও কুতুব উদ্দিন, সহ-সভাপতি পদে আব্দুল ওয়াদুদ।

সাধারণ সস্পাদক পদে জাহিদুল ইসলাম(বিপ্লব), সুজন আলী ও আব্দুল খালেক। যুগ্ন-সস্পাদক পদে আবুবকর সিদ্দিক(রাসেল আহাম্মেদ) ও বজলুর রহমান।

সাংগঠনিক-সস্পাদক পদে শাহারুল ইসলাম,) কোষাধ্যক্ষ পদে শামীম আহামেদ ও রাশিদুল ইসলাম, প্রচার-সস্পাদক পদে জামারুল ইসলাম, কল্যাণ-সস্পাদক পদে আবু তাহের ও আল-মামুন(মামুনর রশিদ), নির্বাহী সদস্য পদে আমজাদ হোসেন, আব্দুল মমিন ও আবুবকর সিদ্দীক।

গাংনী প্রতিনিধি

গাংনীতে বউ এর উপর অভিমান করে স্বামীর বিষপান

বউ এর উপর অভিমান করে মাঠে গিয়ে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করেছেন রঞ্জিত নামের এক ব্যক্তি।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলা ধানখোলা গ্রামের একটি মাঠে তিনি বিষপান করেন। রঞ্জিত ধানখোলা উত্তরপাড়ার মোখলেস হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, দাম্পত্য কলহের জের ধরে বউ এর অভিমান করে বাড়ি থেকে বের হয়ে মাঠে যায়। পরে সে সেখানে বিষপান করে। এসময় সে ছটফট করলে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে তার বিষ উত্তোলন করা হয়। তবে এখন সে আশংকামুক্ত।

তবে রঞ্জিতের ভাবি জানান, রঞ্জিতের সাথে অনেকজন টাকা পায়। টাকা পরিশোধ করতে না পেরে পাওনাদারদের চাপ সহ্য করতে না পেরে আত্মহত্যার চেষ্টা করে।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে সড়ক দুর্ঘটনায় গৃহবধু আহত

মেহেরপুরের গাংনীতে শ্যালো ইঞ্জিন চালিত পাখি ভ্যান উল্টিয়ে আমেনা বেগম নামেক এক গৃহবধু আহত হয়েছেন।

তাকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার সহড়াবাড়িয়া রুয়ের কান্দি মাঠের সড়কে এ দুর্ঘটনা ঘটে।

আহত আমেনা বেগম রুয়ের কান্দি গামের সামসুল হক মাষ্টারের স্ত্রী। জানা গেছে, আমেনা বেগম নিজ বাড়ি থেকে উপজেলার মিনাপাড়া শিমুলতলা গ্রামে মায়ের বাড়ির যাচ্ছিলেন।

পথিমধ্যে পাখি ভ্যানইটি উল্টে গিয়ে তিনি মারাত্মক জখম হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

সেখানে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে প্রতিবন্ধী শিশুদের হুইল চেয়ার বিতরণ

একীভুত শিক্ষা বাস্তবায়নের আওতায় বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে মেহেরপুরের গাংনীতে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।
সোমবার সকাল ১১ টায় গাংনী উপজেলা পরিষদ চত্তরে ১৭ জন প্রতিবন্ধী শিশুদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়।

হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, শিক্ষা অফিসার আতাউর রহমান।

এ সময় ফলসাল বিন হাসান, শিক্ষক নেতা মাজারুল ইসলাম, হাসান আলী সহ শিক্ষক ও অভিভাবক বৃন্দ উপস্থিত ছিলেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর বিআরটিএ এর মোটরযানের ড্রাইভিং লাইসেন্স পরীক্ষা অনুষ্ঠিত

মেহেরপুর বিআরটিএ এর উদ্যোগে মোটরযানের ড্রাইভিং লাইসেন্স পরীক্ষা অনুষ্ঠিত হঢেছে।
গতকাল সোমবার সকাল থেকে তিনটি ধাপে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

সকালে লিখিত দুপুরে মৌখিক এবং বিকেলে মেহেরপুর স্টেডিয়াম মাঠে ঝিকঝাক পরীক্ষা অনুষ্ঠিত হয়।
হালকা মাঝারি ও ভারী যানের জন্য মোট ৯৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার মিনহাজুল ইসলাম,

মেহেরপুর বিআরটিএ মোটরগাড়ি দর্শক শাহাবুদ্দিন প্রিন্স প্রমুখ।

-নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুর বোসপাড়া যুব সংঘের উদ্যোগে বোসপাড়া নেশার মাঠে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।
গতকাল সোমবার বিকালে মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় তিনি উভয় দলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। মোট ৮টি দল অংশগ্রহণ করছে। দুটি গ্রুপে বিভক্ত হয়ে লীগ ভিত্তিক পরস্পর পরস্পরের মোকাবেলা করবে।
উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আল মামুন সেখানে উপস্থিত ছিলেন ।
উদ্বোধনী খেলাটি গোলশূন্যভাবে ড্র হয়। বোসপাড়া একাদশ ও রব্যাক একাদশের মধ্যকার খেলাটি আক্রমণ এবং পাল্টা আক্রমণে মধ্যে দিয়ে খেলাটি শেষ হয়।

-নিজস্ব প্রতিনিধি

গাংনীতে বউ এর উপর অভিমান করে

স্বামীর বিষপান

বউ এর উপর অভিমান করে মাঠে গিয়ে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করেছেন রঞ্জিত নামের এক ব্যক্তি।
মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলা ধানখোলা গ্রামের একটি মাঠে তিনি বিষপান করেন। রঞ্জিত ধানখোলা উত্তরপাড়ার মোখলেস হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, দাম্পত্য কলহের জের ধরে বউ এর অভিমান করে বাড়ি থেকে বের হয়ে মাঠে যায়। পরে সে সেখানে বিষপান করে। এসময় সে ছটফট করলে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে তার বিষ উত্তোলন করা হয়। তবে এখনো সে আশংকামৃক্ত নয়।

তবে রঞ্জিতের ভাবি জানান, রঞ্জিতের সাথে অনেকজন টাকা পায়। টাকা পরিশোধ করতে না পেরে পাওনাদারদের চাপ সহ্য করতে না পেরে আত্মহত্যার চেষ্টা করে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় গৃহবধু আহত

মেহেরপুরের গাংনীতে শ্যালো ইঞ্জিন চালিত পাখি ভ্যান উল্টিয়ে আমেনা বেগম নামেক এক গৃহবধু আহ হয়েছেন। তাকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার সহড়াবাড়িয়া রুয়ের কান্দি মাঠের সড়কে এ দুর্ঘটনা ঘটে। আহত আমেনা বেগম রুয়ের কান্দি ◌্রগামের সামসুল হক মাষ্টারের স্ত্রী।

জানা গেছে, আমেনা বেগম নিজ বাড়ি থেকে উপজেলার মিনাপাড়া শিমুলতলা গ্রামে মায়ের বাড়ির যাচ্ছিলেন। পথিমধ্যে পাখি ভ্যানইট উল্টে গিযে তিনি মারাত্মক জখম হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা

স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক।
-গাংনী প্রতিনিধি

অরক্ষিত টিটিসি, চুরি হলো অধিকাংশ কম্পিউটারের হার্ডডিস্ক

মেহেরপুর কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে (টিটিসি) রাতের আধারে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। রবিবার দিবাগত রাতের কোন এক সময় তৃতীয় তলার দুটি ট্রেডের তালা ভেঙ্গে এ চুরির কাজ করেছে বলেছে জানা গেছে। তবে কারা এর সাথে জড়িত এ বিষয়ে নিশ্চিৎ করা না গেলেও চোররা যে আইসিটি বিষয়ে পারদর্শি তাতে সন্দেহ নেই কারও।

৭৬টি কম্পিউটারের র্যাম, প্রসেসর, হার্ড ডিস্ক সহ দামি জিনিস গুলো নিয়ে গেছে সংবদ্ধ চোর সদস্যরা।

এদিকে সরকারি ভবনে এতো বড় চুরির ঘটনায় জনমনে নানা প্রশ্ন উঠেছে। লাখ লাখ টাকার যন্ত্রপাতির কোন সুরক্ষা থাকেনা সরকারি অফিসে। এ দায় কার, প্রশ্ন সাধারণ জনগণের।

সিসি ক্যামেরার ফুটেজ দেখে ধারনা করা হচ্ছে একাধিক ব্যাক্তি এর সাথে জড়িত। যে ক্যামেরা টি গেটে লাগানো ছিল ভিতরে প্রবেশের পর সেটি বন্ধ করে দেয় চোরের দল।
পুলিশের প্রাথমিক ধারনা এটা পরিকল্পিতভাবে চুরি করা হয়েছে। সেই সাথে এই টিটিসি ভবন সম্পর্কে চোরের যথেষ্ট ধারনা আছে।

এ বিষয়ে টিটিসির ভারপ্রাপ্ত অধ্যক্ষ শহিদুল ইসলাম জানান, রাত ১২টা পর্যন্ত আমি ইন্টারনেটের সঙ্গে যুক্ত ছিলাম। এর পর আমি ঘুমিয়ে যায়। সকালে অফিসে এসে দেখি দুটি কক্ষের তালা ভাঙ্গা। ভিতরে প্রবেশ করার পর চোখে পড়ে কম্পিউটার গুলো ভাঙা অবস্থায়

পড়ে আছে এবং এর ভিতরের বিভিন্ন দামি যন্ত্রগুলো নেই। এ ঘটনা মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশকে জানানো হলে তারা এসে পরিদর্শন করে। পরে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে আসে। কারা কিভাবে এতো বড় চুরির ঘটনা ঘটিয়েছে এব্যাপারে কিছু বলা যাচ্ছে না।

এ ব্যাপারে জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, চোর যে বা যারাই হোক না কেন খুব তাড়াতাড়ি তাদের আইনের আওতায় নিয়ে আসা হবে। ইতি মধ্যে সিটি ফুটেজ ও ফিঙ্গার প্রিন্ট নমুনা সংগ্রহ করা হয়েছে। এগুলো পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে। আমাদের অভিযান অব্যাহত আছে। অল্প কয়েকদিনের মধ্যে চোর চক্রকে আটক করা হবে। -নিজস্ব প্রতিনিধি